# পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

## ৫৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড-এর ৫৩তম বার্ষিক সাধারণ সভা ১লা জানুয়ারি ২০২৩ খ্রি. (১৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ), শনিবার বেলা ০৩.০০ টায় ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় জনাব মোঃ মাহবুব হোসেন সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত পরিচালকমন্ডলী ও কোম্পানি সচিব উপস্থিত ছিলেন:

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ১ | জনাব মোঃ মাহবুব হোসেন<br>চেয়ারম্যান, পিওসিএল বোর্ড<br>ও<br>সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয় |
| ২ | জনাব বাসুদেব গাঙ্গুলী<br>ইন্ডিপেনডেন্ট পরিচালক, পিওসিএল বোর্ড<br>ও<br>বাংলাদেশ সরকারের অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব |
| ৩ | জনাব কবিরুল ইজদানী খান<br>পরিচালক, পিওসিএল বোর্ড<br>ও<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| ৪ | কাজী মোঃ আনোয়ারুল হাকিম<br>ইন্ডিপেনডেন্ট পরিচালক, পিওসিএল বোর্ড<br>ও<br>বাংলাদেশ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম-সচিব |
| ৫ | কাজী মুহাম্মদ মোজাম্মেল হক<br>পরিচালক, পিওসিএল বোর্ড<br>ও<br>পরিচালক (অর্থ), বিপিসি (সরকারের যুগ্ম-সচিব) |
| ৬ | জনাব মোঃ জাকির হোসেন<br>পরিচালক, পিওসিএল বোর্ড<br>ও<br>যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয় |
| ৭ | জনাব নাসিরুদ্দিন আকতার রশীদ<br>শেয়ারহোল্ডার পরিচালক, পিওসিএল বোর্ড |
| ৮ | জনাব সুজাদুর রহমান<br>পরিচালক, পিওসিএল বোর্ড |
| ৯ | জনাব মোঃ আবু সালেহ ইকবাল<br>ব্যবস্থাপনা পরিচালক |
| ১০ | জনাব নুমান আহমদ তাপাদার<br>কোম্পানি সচিব |

কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত কর্মকর্তা-সহ সর্বমোট ১২০ জন সম্মানিত শেয়ারহোল্ডার সভায় ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

সভার শুরুতে কোম্পানি সচিব কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে স্বাগত জানানো হয় এবং পরিচালনা পর্ষদের চেয়ারম্যানকে সভা পরিচালনা ও সভাপতিত্ব করার জন্য অনুরোধ করা হয়।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও সভার সভাপতি কর্তৃক ভার্চুয়ালি সংযুক্ত পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ও সম্মানিত শেয়ারহোল্ডারগণকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতে পর্ষদ চেয়ারম্যান কর্তৃক কোম্পানির কর্মকর্তা জনাব এসএম দেলোয়ার হোসেনকে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করার অনুরোধ জানানো হলে জনাব এসএম দেলোয়ার হোসেন কর্তৃক পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর সভার সভাপতি কর্তৃক কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্যদের এবং কোম্পানি সচিবকে সংক্ষিপ্তভাবে তাঁদের পরিচিতি প্রদানের অনুরোধ জানানো হলে তৎপ্রেক্ষিতে পরিচালকমন্ডলী ও কোম্পানি সচিব কর্তৃক তাঁদের নিজেদের পরিচিতি প্রদান করা হয়।

অতঃপর চেয়ারম্যান কর্তৃক কোম্পানি সচিব জনাব নুমান আহমদ তাপাদারকে সভার বিজ্ঞপ্তি পাঠের আহবান জানানো হলে কোম্পানি সচিব কর্তৃক ৫৩তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ করা হয়।

**অতঃপর চেয়ারম্যান কর্তৃক বক্তব্য প্রদান করা হয়।** চেয়ারম্যান কর্তৃক ভার্চুয়ালি সংযুক্ত পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড-এর সম্মানিত পরিচালকমন্ডলী, বিপিসি'র প্রতিনিধিবৃন্দ এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণকে কোম্পানির ৫৩তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ জানানো হয়।

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি মুক্তিযুদ্ধের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্যদের যাঁরা ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নির্মমভাবে শাহাদাৎ বরণ করেন, জাতীয় চার নেতা, ৩০ লাখ শহিদ মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সময় নির্যাতিত দুই লাখ মা-বোনদের যাঁরা স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করেছেন। চেয়ারম্যান কর্তৃক তাঁর বক্তব্যে উল্লেখ করা হয় যে, ১৯৭৫ সালের ৯ই আগস্ট মৃত্যুর মাত্র ছয় দিন পূর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করা হয়। এই দিন তাঁর সরকার কর্তৃক জাতীয় স্বার্থে দেশের বৃহৎ পাঁচটি গ্যাস ক্ষেত্র-তিতাস, বাখরাবাদ, রশীদপুর, কৈলাশটীলা ও হবিগঞ্জ গ্যাসক্ষেত্র বহুজাতিক তেল কোম্পানি শেল ইন্টারন্যাশনালের কাছ থেকে মাত্র ১৭.৮৬ কোটি টাকা মূল্যে ক্রয় করা হয়, যার বর্তমান বাজার মূল্য প্রায় সাড়ে ১২ লক্ষ কোটি টাকা। জাতির পিতা কর্তৃক গৃহীত এই পদক্ষেপ ছিল বাঙালির মুক্তি সংগ্রামের অংশ হিসেবে জাতীয় স্বার্থে তাঁরই গৃহীত সাংবিধানিক, আইনি ও নীতিগত সিদ্ধান্তের চূড়ান্ত বাস্তবায়ন। তাই প্রতিবছর ৯ই আগস্ট জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস হিসেবে উদ্‌যাপন করা হয়।

চেয়ারম্যান কর্তৃক তাঁর বক্তব্যে আরও উল্লেখ করা হয় যে, একটি দেশের সার্বিক উন্নয়নে জ্বালানি ও বিদ্যুৎ খাত অন্যতম চালিকা শক্তি হিসেবে কাজ করে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত নীতি অনুযায়ী বাংলাদেশের মতো অর্থনীতিতে ১% জিডিপি বৃদ্ধির জন্য ১.৮%-২% জ্বালানির ব্যবহার বৃদ্ধির প্রয়োজন হয়। জাতির পিতা বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত কিছু যুগান্তকারী পদক্ষেপ ও তাঁর সরকার প্রণীত বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক কিছু সাংবিধানিক বিধান, আইন ও নীতিমালা এদেশের জ্বালানি নিরাপত্তার মূল স্তম্ভ হিসেবেই বিবেচিত হচ্ছে। বঙ্গবন্ধু কর্তৃক সংবিধানের ১৪৩ অনুচ্ছেদে রাষ্ট্রের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দেশীয় জ্বালানি ও খনিজ সম্পদের উপর রাষ্ট্রীয় মালিকানা (Permanent Sovereignty Over Natural Resources) প্রতিষ্ঠা করা হয়। বঙ্গবন্ধু কর্তৃক ১৯৭২ সালের ২৬শে মার্চ রাষ্ট্রপতির আদেশ নং-২৭-এর মাধ্যমে দেশের তেল, গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ খনিজ, তেল ও গ্যাস কর্পোরেশন (বিএমওজিসি) গঠন করা হয়। ১৯৭৪ সালে এর সংক্ষিপ্ত নামকরণ করা হয় 'পেট্রোবাংলা'। বঙ্গবন্ধু কর্তৃক জ্বালানি খাতকে যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৭৪ সালে পেট্রোলিয়াম আইন ও পেট্রোলিয়াম পলিসি প্রণয়ন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচক্ষণ নেতৃত্বের ফলে রাষ্ট্রীয় তত্ত্বাবধানে জ্বালানি তেলের মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে (ক) Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) order, 1972 (P.O. No.16 of 1972) এর মাধ্যমে পাকিস্তান ন্যাশনাল অয়েল লিমিটেড, দাউদ পেট্রোলিয়াম লিমিটেড, বার্মা ইস্টার্ন লিমিটেড, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড (খ) Bangladesh Industrial Enterprises (Nationalisation) order, 1972 (P.O. No.27 of 1972) এর মাধ্যমে ইস্টার্ন রিফাইনারি লিমিটেড এবং (গ) The ESSO Undertaking Acquisition Ordinance, 1975 এর মাধ্যমে অর্থ পরিশোধক্রমে মার্কিন যুক্তরাষ্ট্রের ESSO Eastern Inc. এর দায়িত্ব সরকার কর্তৃক গ্রহণ করা হয়। যুগান্তকারী সেই সিদ্ধান্তের ফলে এর ধারাবাহিকতায় ১৯৭৬ সালে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রতিষ্ঠার মাধ্যমে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, ইস্টার্ণ রিফাইনারি লিমিটেড ও ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড-সহ অন্যান্য কোম্পানিসমূহ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে পরিণত হয়। এই সকল কোম্পানিসমূহ কর্তৃক আজ এদেশে জ্বালানি তেল মজুত, সরবরাহ ও বিতরণে প্রধান ভূমিকা পালন করা হচ্ছে। এক কথায় জাতির পিতা বঙ্গবন্ধু কর্তৃক বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় জ্বালানি নিরাপত্তার ব্যবস্থা করা হয়।

চেয়ারম্যান কর্তৃক তাঁর বক্তব্যে আরও উল্লেখ করা হয় যে, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড একটি প্রাচীন তেল বিপণন কোম্পানি। এর পূর্বতন কোম্পানি "রেঙ্গুন অয়েল কোম্পানী" উনবিংশ শতাব্দীতে পেট্রোলিয়াম ব্যবসা শুরু করে ১৮৭১ সালে স্কটল্যান্ডে জয়েন্ট স্টক

কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। এ কোম্পানি ১৮৮৫ সালে বার্মা অয়েল কোম্পানী হিসেবে পুনর্গঠিত হয়। ১৯০৩ সালে চট্টগ্রামের গোসাইলডাঙ্গায় মহেশখাল ইন্সটলেশন এবং ১৯৫৬ সালে পতেঙ্গাস্থ গুপ্তখালে বৃহদাকার অয়েল ইন্সটলেশন স্থাপিত হয়। ১৯৬৫ সালে বার্মা ইস্টার্ন লিমিটেড ১৯১৩ সালের কোম্পানি আইনের অধীনে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ১৯৭৭ সালে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর একটি অঙ্গ প্রতিষ্ঠানে পরিণত হয়। ১৯৮৫ সালে বার্মা ইস্টার্ন লিমিটেড-এর সমুদয় শেয়ার বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর অনুকূলে হস্তান্তরিত হয় এবং ১৯৮৮ সালের ৩রা সেপ্টেম্বর বার্মা ইস্টার্ন লিমিটেড পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড নামে রূপান্তরিত হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্ব এবং তাঁর নির্দেশনার আলোকে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন-এর আওতাভুক্ত কোম্পানিটি কর্তৃক দেশে নিরাপদ জ্বালানি সরবরাহ নিশ্চিত করা হয়। কোম্পানির জন্মলগ্ন থেকে সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং কোম্পানির শ্রমিক-কর্মচারী-কর্মকর্তাদের অক্লান্ত প্রচেষ্টায় এ কোম্পানি দীর্ঘ পথ পরিক্রমায় আজকের এই অবস্থানে এসে পৌঁছেছে। সেজন্য চেয়ারম্যান কর্তৃক তাঁদের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয় যে, আলোচ্য অর্থবছরে কোভিড-১৯ প্রকোপ মোকাবেলা করে বিশ্ব অর্থনীতি জোড়ালোভাবে পুনরুদ্ধারের দিকে এগিয়ে যাচ্ছিল। কিন্তু পরিবর্তিত বৈশ্বিক পরিস্থিতির কারণে আলোচ্য অর্থবছরে দেশের অর্থনীতির কয়েকটি খাতে বিরূপ প্রভাব পড়ে। বাংলাদেশের অর্থনীতি দীর্ঘ এক দশক ধরে অভূতপূর্ব সাফল্য অর্জন করে। ২০১৫-১৬ অর্থবছর থেকে পরপর ৩ বছর জিডিপি'র হার ৭.০০%-এর উপরে অর্জিত হওয়ার পর ২০১৮-১৯ অর্থবছরে ৮.১৫%-এ পৌঁছে, যা সারা বিশ্বে প্রশংসিত হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক চূড়ান্ত হিসাবে ২০২০-২১ অর্থবছরে দেশের মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধির হার ছিল ৬.৯৪%। আলোচ্য ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সাময়িক হিসাব অনুসারে দেশের জিডিপি'র প্রবৃদ্ধির হার ৭.২৫%। ২০২১-২২ অর্থবছরে শুরুর দিকে কোভিড-১৯-এর প্রকোপ কমে আসার ফলে বিশ্বব্যাপী অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি পাওয়ায় বিশ্ববাজারে জ্বালানির দাম বাড়তে থাকে। আলোচ্য অর্থবছরের ফেব্রুয়ারির শেষ দিকে বৈশ্বিক বাস্তবতার কারণে পরিশোধিত জ্বালানি তেলের মূল্য আরও বৃদ্ধি পায়। আলোচ্য অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অঙ্গ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে দেশে পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ৬৯.১৫ লক্ষ মে. টন, যা গত অর্থবছরে ছিল ৬৩.০০ লক্ষ মে. টন।

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে আরও উল্লেখ করা হয় যে, কোম্পানির পেট্রোলিয়ামজাত পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের তুলনায় ২০২১-২২ অর্থবছরে ৪,০৪,৭২৭ মে.টন অর্থাৎ ১৮.৯১% বৃদ্ধি পায়। ২০২১-২২ অর্থবছরে কোম্পানির জ্বালানি তেলের বিক্রয়ের পরিমাণ ২৫,৪৪,৭৮০ মে.টন, ২০২০-২১ অর্থবছরে যার পরিমাণ ছিল ২১,৪০,০৫৩ মে.টন। আলোচ্য অর্থবছরে দেশের জ্বালানি তেল বিপণনে কোম্পানির মার্কেট শেয়ার ছিল ৩৬.৮০% এবং তেল বিপণন কোম্পানিসমূহের মধ্যে কোম্পানির অবস্থান ছিল ১ম। অন্যদিকে, আলোচ্য অর্থবছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ ২,১৪৪ মে. টন, যা গত অর্থবছরে ছিল ১,৮৭৫ মে. টন। আলোচ্য অর্থবছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের চেয়ে ১৪.৩৫% বেশি বৃদ্ধি পায়। ফলে আলোচ্য অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা গত অর্থবছরের ২৯২.৬৩ কোটি টাকা থেকে ২.০২% বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৯৮.৫৩ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে কোম্পানির শেয়ার প্রতি আয় হয় ২৪.৪৭ টাকা, যা বিগত অর্থবছরে ছিল ২৩.২৭ টাকা।

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয় যে, ব্যবসা সম্প্রসারণের জন্য কোম্পানি কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ এগিয়ে যাচ্ছে। চট্টগ্রামস্থ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় কোম্পানির নিজস্ব ০.৪২ একর জমির উপর ২টি বেইজমেন্ট ও ১টি সেমিবেইজমেন্ট-সহ ২৩তলা বিশিষ্ট হেড অফিস বিল্ডিং নির্মাণাধীন রয়েছে। ইতোমধ্যে ২টি বেইজমেন্ট এবং সেমিবেইজমেন্টের কাজ সমাপ্ত হয়। ডিজাইন মডিফিকেশনের কাজ চূড়ান্ত হয়। ডিজাইন মডিফিকেশন অনুসারে কাজ সম্পাদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। ঢাকাস্থ পরিবাগে কোম্পানির নিজস্ব ১.৮৮ একর জমিতে অতিরিক্ত দু'টি বেইজমেন্ট-সহ ১২তলা ভবন নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে কোম্পানির সাথে নির্বাচিত ঠিকাদারের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। এ ছাড়া, কোম্পানি কর্তৃক রাষ্ট্রীয় স্বার্থে স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড থেকে কক্সবাজার বিমানবন্দর এভিয়েশন ডিপোর মালিকানা ও পরিচালনার দায়িত্ব গ্রহণ করা হয়। সরকার কর্তৃক ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের পর কক্সবাজার বিমানবন্দরকে চতুর্থ আন্তর্জাতিক বিমানবন্দরে পরিণত করার পরিকল্পনা গ্রহণ করা হয়। কক্সবাজার বিমানবন্দর আন্তর্জাতিক বিমানবন্দরে পরিণত হলে কোম্পানির এভিয়েশন ফুয়েল জেট এ-১-এর বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে মর্মে আশাবাদ ব্যক্ত করা যায়। এ ছাড়া, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড-সহ তিনটি তেল বিপণন কোম্পানির চট্টগ্রামস্থ প্রধান স্থাপনায় পরিচালন কার্যক্রম আধুনিক উপায়ে সম্পন্নের জন্য অটোমেশন কার্যক্রম হাতে নেওয়া হয়। এ লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করা হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলমান রয়েছে। পরামর্শক কর্তৃক ইতোমধ্যে ফিড (Feed) জমা প্রদান করা হয় এবং তা পর্যালোচনাধীন আছে। পর্যায়ক্রমে দেশের বিভিন্ন স্থানে স্থাপিত ডিপোসমূহে পরিচালন কার্যক্রম অটোমেশনের লক্ষ্যে পরামর্শক নিয়োগের জন্য আন্তর্জাতিক EOI আহবান করা হয়। এ ছাড়া, দেশের সর্বত্র নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ ও ভোক্তা পর্যায়ে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে জ্বালানি তেলের ধারণক্ষমতা বৃদ্ধি এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়।

চেয়ারম্যান কর্তৃক তাঁর বক্তব্যে উল্লেখ করা হয় যে, শেয়ারহোল্ডারদের প্রতি দায়বদ্ধতার কারণে অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে দীর্ঘমেয়াদি শেয়ারহোল্ডার ভ্যালু বৃদ্ধির জন্য কোম্পানি অবিরাম কাজ করে যাচ্ছে। আলোচ্য অর্থবছরে পরিচালনা পর্ষদ কর্তৃক শেয়ারহোল্ডারদের জন্য **১২৫%** হারে নগদ লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করা হয়।

চেয়ারম্যান কর্তৃক শেয়ারহোল্ডারগণকে আরও অবহিত করা হয় যে, জ্বালানি খাত অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত। জ্বালানি তেলের সরবরাহ ও মূল্যের পরিবর্তনশীলতা ব্যষ্টিক অর্থনীতিকে দারুণভাবে প্রভাবিত করে। জ্বালানি তেল বিপণন কোম্পানিসমূহ দেশ তথা জনগণের সেবা প্রদানকে অধিক গুরুত্ব প্রদান করে থাকে। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড জ্বালানি তেল ও অ্যাগ্রোকেমিক্যালস পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান দেশের প্রত্যন্ত অঞ্চলে নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তা ছাড়া, কোম্পানি অ্যাগ্রোকেমিক্যালস পণ্য বিপণনের মাধ্যমে দেশের কৃষি নির্ভর অর্থনীতিতে অবদান রেখে চলেছে। বাংলাদেশের অর্থনীতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত হচ্ছে কৃষি খাত। বাংলাদেশের মোট শ্রমশক্তির একটি বড় অংশ কৃষি খাতে নিয়োজিত এবং ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব অনুসারে জিডিপিতে এর অবদান ১১.৫০ শতাংশ।

চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বক্তব্যে উল্লেখ করা হয় যে, কোম্পানির প্রধান লক্ষ্য হলো, সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে যথাসময়ে জনগণের দোরগোড়ায় সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ এবং সুষ্ঠুভাবে বিপণন কার্যক্রম পরিচালনা করা। এ ছাড়া, পরিবেশ বান্ধব ও মানসম্মত কৃষিজাত কীটনাশক সরবরাহের মাধ্যমে কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং বিপণন কার্যক্রমের মাধ্যমে ভোক্তা পর্যায়ে সেবা প্রদান করা।

চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে আরও অবহিত করা হয় যে, আগামী অর্থবছরে কোম্পানির লক্ষ্য থাকবে বরাবরের মতো সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ। এ ছাড়া, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে পরিবেশবান্ধব ও মানসম্মত কৃষি রাসায়নিক পণ্য সরবরাহ জোরদারকরণ। কোম্পানির ব্যবসা সম্প্রসারণের জন্য গৃহীত প্রকল্পসমূহ কোম্পানি কর্তৃক এগিয়ে নিতে চায়। সর্বোপরি, কোম্পানির লক্ষ্য থাকবে আগামী বছর কোম্পানির মুনাফার প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে শেয়ারহোল্ডারস ভ্যালু বৃদ্ধি করা।

সভার এ পর্যায়ে পর্ষদ চেয়ারম্যান/সভাপতি কর্তৃক আশাবাদ ব্যক্ত করা হয় যে, শেয়ারহোল্ডারগণের কাছে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, পরিচালকমন্ডলীর প্রতিবেদন, শেয়ারহোল্ডারগণ কর্তৃক ইতোমধ্যে পঠিত হয় এবং তৎপ্রেক্ষিতে তা পঠিত হয় বলে গণ্য করার জন্য চেয়ারম্যান কর্তৃক শেয়ারহোল্ডারগণের প্রতি আহবান জানানো হয়। সভাপতি কর্তৃক আরও উল্লেখ করা হয় যে, সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান বক্তব্য/মতামত/মন্তব্য প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা পূর্ব থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয় এবং চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণ তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

চেয়ারম্যান কর্তৃক উল্লেখ করা হয় যে, কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক ২০২১-২২ অর্থবছরের নিরীক্ষিত হিসাব ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর অনলাইনে তাঁদের মূল্যবান বক্তব্য/মতামত/মন্তব্য প্রদান করা হয়। কোম্পানি তাঁদের মতামতসমূহ কোম্পানি পরিচালনার ক্ষেত্রে গুরুত্বের সাথে বিবেচনা করবে মর্মে চেয়ারম্যান কর্তৃক শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয়। অতঃপর চেয়ারম্যান কর্তৃক কোম্পানি সচিবকে অনলাইনে প্রেরিত শেয়ারহোল্ডারদের বক্তব্য/মতামতসমূহ পাঠ করার জন্য অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, কোম্পানি সচিব কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহ পাঠ করা হয়। এজিএম ওয়েবপোর্টালে সম্মানিত শেয়ারহোল্ডারগণের উল্লেখযোগ্য মতামত/মন্তব্য/বক্তব্য ছিল নিম্নরূপঃ

(১) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মুহাম্মদ শামসুদ্দিন খালেদ (বিও নং- ১২০৩০৮০০০১১১৬৬৮০)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে প্রদত্ত লিখিত বক্তব্যে কোভিড-১৯ পূর্ববর্তী সময়ের নিয়মে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে কোম্পানির এজিএম আয়োজন করার প্রয়োজন বলে মন্তব্য করা হয়।

(২) সম্মানিত শেয়ারহোল্ডার **আলহাজ্ব মোহাম্মদ আব্দুল ওয়াহাব (বিও নং- ১২০১৫৯০০০৮০১৪৩৬৭)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ডলারের বিনিময় হারের ক্রমাগত উঠানামা এবং বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির মধ্যেও গত বছরের ন্যায় লভ্যাংশ ঘোষণা করায় সন্তুষ্টি প্রকাশ করা হয় এবং আগামী বছরে আরও বেশি হারে নগদ লভ্যাংশ পাওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়। আগামী অর্থবছরে কোম্পানির এজিএম কোভিড-১৯ পূর্ববর্তী সময়ের নিয়মে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজন করার জন্য অনুরোধ করা হয়।

(৩) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব ড. কাজী মুজিবুর রহমান (বিও নং-১২০৩৭১০০০৮৫৭৭১১৩)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করায় কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি ধন্যবাদ জানানো হয়। তাঁর বক্তব্যে বিক্রয়, নিট মুনাফা এবং ইপিএস বৃদ্ধি পাওয়া সত্ত্বেও লভ্যাংশ বৃদ্ধি না পাওয়ার কারণ এবং পাইপলাইনের মাধ্যমে চট্টগ্রাম

থেকে ঢাকায় জ্বালানি তেল সরবরাহ কখন শুরু হবে সে সম্পর্কে জানতে চাওয়া হয়। বর্তমান সময়ে ডলারের হার উঠানামা এবং গ্যাস ও বিদ্যুতের সমস্যা অ্যাগ্রোকেমিক্যালস পণ্য সংগ্রহ ও বাজারজাতকরণে প্রভাব পড়তে পারে মন্তব্য প্রকাশ করে মুনাফা অর্জন করার জন্য পরবর্তীতে ব্যবসায়িক পলিসি কী হবে সে বিষয়ে জানতে চাওয়া হয়। দেশের পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে কর্মচারীদের বেতন-বোনাস বৃদ্ধি ও পদোন্নতির প্রয়োজনীয়তা রয়েছে বলে মত প্রকাশ করা হয়। শেয়ারহোল্ডার ও কোম্পানির কর্মচারীদের দাবি-দাওয়ার বিষয়টি উপলব্ধিকরণ এবং আগামী বছরে কোম্পানির এজিএম কোভিড-১৯ পূর্ববর্তী সময়ের নিয়মে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজন করার জন্য অনুরোধ করা হয়।

(৪) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোহাম্মদ মনসুর এ খুদা (বিও নং-১২০১৫৮০০০০১৮৪২১৭)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির ৫৩তম এজিএম ডিজিটাল প্ল্যাটফর্মে করার জন্য এবং নগদ লভ্যাংশ **১২৫%** হারে সুপারিশ করায় চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ ছাড়া তাঁর বক্তব্যে আগামীতে আরও বেশি নগদ লভ্যাংশ প্রত্যাশা করা হয়।

(৫) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোঃ সোহরাব হোসেন (লিংকন) (বিও নং ১২০১৪৭০০০০০২১৭১১)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির ৫৩তম এজিএম ডিজিটাল প্ল্যাটফর্ম এবং **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কোম্পানির সুনাম অনুযায়ী এ কোম্পানির নিকট সবসময় সম্মানিত বিনিয়োগকারীগণ কর্তৃক বেশি লভ্যাংশ প্রত্যাশা করা হয় বলে মন্তব্য প্রকাশ করা হয়। করোনা মহামারি এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধকালীন অর্থনৈতিক মন্দা কালে কোম্পানির ব্যবসা কেমন হচ্ছে সে সম্পর্কে তাঁর বক্তব্যে জানতে চাওয়া হয়।

(৬) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব এস. এম. সেলিম কায়সার (বিও নং-১২০১৮৪০০৫৫৪২৯১০৩)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির ৫৩তম এজিএম গতবারের চেয়ে প্রায় দুই মাস এগিয়ে ১লা জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দে নির্ধারণ করার জন্য পরিচালনা পর্ষদকে ধন্যবাদ জানানো হয়।

(৭) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব রনি বিশ্বাস (বিও নং-১২০৩৮২০০৪০৩৭১৩৪০)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে বিগত বছরের নগদ লভ্যাংশ পাননি বলে উল্লেখ করা হয় এবং উক্ত ডিভিডেন্ডের টাকা ফেরত চাওয়া হয়।

(৮) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব জিকো কৃষ্ণ দে (বিও নং-১২০৪৮৬০০২৮৭০১২০৫)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির মাননীয় চেয়ারম্যান, সকল বোর্ড পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এবং কোম্পানি সচিবকে আন্তরিকভাবে অভিনন্দন জানানো হয় এবং ত্রুটিহীন সুন্দর একটি বার্ষিক প্রতিবেদন সময়মতো পাওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। তাঁর বক্তব্যে করোনাকালীন পরবর্তী কোম্পানির ব্যবসায়িক পরিকল্পনা, ব্যবসায় রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাব রয়েছে কি না এবং নতুন ভবন কবে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম পরিচালনা করবে সে বিষয়ে জানতে চাওয়া হয়। আগামী বছরে কোম্পানির এজিএম স্বশরীরে উপস্থিতির মাধ্যমে করার জন্য অনুরোধ করা হয়। ইপিএস বাড়ানোর লক্ষ্যে কোম্পানির কী কী পরিকল্পনা রয়েছে সে সম্পর্কে জানতে চাওয়া হয়।

(৯) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব দিলীপ কুমার সাহা (বিও নং-১২০৩০১০০১৬৫৪৫৬৬৬)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার জন্য কোম্পানির পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং সকল বোর্ড পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

(১০) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব শেফালী সাহা (বিও নং-১২০৩০১০০১৬৫৪৫৬৫৮)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার জন্য কোম্পানির পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং সকল বোর্ড পরিচালককে ধন্যবাদ জানানো হয় এবং ইপিএস বাড়ানোর বিষয়ে কোম্পানি কর্তৃক কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে জানতে চাওয়া হয়।

(১১) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব রেজাউল ইসলাম আজাদ (বিও নং-১২০৪০৯০০১৭৬২৯৯৪৬)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে যথা সময়ে বার্ষিক সাধারণ সভা এবং **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করায় কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয় এবং আগামী অর্থবছরে কোম্পানির এজিএম স্বশরীরে উপস্থিতির মাধ্যমে করার জন্য অনুরোধ করা হয়।

(১২) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মনিকা চৌধুরী (বিও নং-১২০৩৬৮০০৭৪১৫৪৩৮৫)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির পরিচালনা পর্ষদকে ২০২১-২২ অর্থবছরে **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার জন্য ধন্যবাদ জানানো হয়। কোম্পানির সম্পত্তি পুনর্মূল্যায়নের বিষয়ে ভবিষ্যৎ পরিকল্পনা জানতে চাওয়া হয়।

(১৩) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব আব্দুল মতিন শহীদ (বিও নং-১২০১৫৮০০১৬৫৩৫০৬৪)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে **১২৫%** হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার পাশাপাশি কোম্পানিকে ভালো অবস্থানে নিয়ে যাওয়ার জন্য কোম্পানির মাননীয় চেয়ারম্যান, সকল বোর্ড পরিচালক এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আন্তরিকভাবে অভিনন্দন জানানো হয়।

(১৪) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব শংকর কুমার মল্লিক (বিও নং-১২০৪৪৩০০১৫৩৪০৬৫৬)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে আগামীতে আরও বেশি নগদ লভ্যাংশ প্রদান এবং আগামী বছরে কোম্পানির এজিএম স্বশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজন করার জন্য অনুরোধ জানানো হয়।

(১৫) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব মোহাম্মদ ইকবাল চৌধুরী (বিও নং-১২০৪১৮০০৩৪৮৭২৩৮২)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে কোম্পানির পরিচালনা পর্ষদকে ২০২১-২২ অর্থবছরে ১২৫% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং কোম্পানির সাফল্য ও অগ্রগতি কামনা করা হয়।

(১৬) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব এম.এ আজিজ শামীম (বিও নং-১২০৩৮৬০০১৪১৪৯৬০৭)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে ১২৫% হারে নগদ লভ্যাংশকে অপ্রতুল বলে মন্তব্য প্রকাশ করা হয় এবং আগামী অর্থবছরে ১৫০% হারে নগদ লভ্যাংশ প্রত্যাশা করা হয়।

(১৭) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব হীরালাল বণিক (বিও নং- ১২০১৮৪০০০০৭০৩২৩২)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে ১২৫% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করার জন্য পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়।

(১৮) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব আরিফুর রহমান (বিও নং- ১২০৩৬৪০০১২৩২৬০৯১)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে বছরের শুরুতেই এজিএম আয়োজন করার জন্য চেয়ারম্যান মহোদয় ও পরিচালনা পর্ষদকে ধন্যবাদ জানানো হয়।

(১৯) সম্মানিত শেয়ারহোল্ডার **জনাব ফয়েজ আহমেদ (বিও নং-১২০৪১৮০০২৩৬৬৩৪০৩)** কর্তৃক এজিএম ওয়েবপোর্টালে লিখিত বক্তব্য/মন্তব্যে ১লা জানুয়ারি ২০২৩ তারিখে এজিএম আয়োজন করার জন্য চেয়ারম্যান মহোদয় ও পরিচালনা পর্ষদকে ধন্যবাদ জানানো হয়।

**কোম্পানি সচিব কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের বক্তব্য/মন্তব্য পঠনের পর সভার** এ পর্যায়ে চেয়ারম্যান কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্নসমূহের জবাব ও বক্তব্য প্রদানের জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করা হয়।

**কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবু সালেহ ইকবাল** কর্তৃক তাঁর বক্তব্যের শুরুতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের ৫৩তম বার্ষিক সাধারণ সভায় সংযুক্ত সম্মানিত সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ মাহবুব হোসেন-সহ অন্যান্য পরিচালকগণ, বিপিসি'র সম্মানিত প্রতিনিধিবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং সম্মানিত অতিথিবৃন্দ সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানানো হয়।

তাঁর বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এ ছাড়া তাঁর বক্তব্যে মহান স্বাধীনতা যুদ্ধের সকল বীর মুক্তিযোদ্ধা এবং মহান ভাষা আন্দোলনের শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। তাঁর বক্তব্যে উল্লেখ করা হয় যে, আলোচ্য অর্থবছরে কোম্পানি কর্তৃক সার্বিকভাবে সন্তোষজনক ফলাফল অর্জন করা হয়। ২০২১-২২ অর্থবছরে দেশের জ্বালানি তেল বিপণনে কোম্পানির মার্কেট শেয়ার ছিল ৩৬.৮০% এবং তেল বিপণন কোম্পানিসমূহের মধ্যে কোম্পানির অবস্থান ছিল ১ম। কোম্পানির জ্বালানি তেল বিক্রয়ের পরিমাণ ছিল ২৫.৪৫ লক্ষ মে. টন, যা গত অর্থবছরে ছিল ২১.৪০ লক্ষ মে. টন। আলোচ্য অর্থবছরে কোম্পানির পেট্রোলিয়াম পণ্যের বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের চেয়ে ১৮.৯১% বৃদ্ধি পায়। এ ছাড়া কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ ছিল ২,১৪৪ মে. টন, যা গত অর্থবছরে ছিল ১,৮৭৫ মে. টন। আলোচ্য অর্থবছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস পণ্যের বিক্রয়ের পরিমাণ গত অর্থবছরের চেয়ে ১৪.৩৫% বেশি বৃদ্ধি পায়। ফলে কোম্পানি ২৯৮.৫৩ কোটি টাকার করপূর্ব নিট মুনাফা অর্জন করতে সক্ষম হয়, যা গত অর্থবছরে ছিল ২৯২.৬৩ কোটি টাকা। ব্যবসা সম্প্রসারণের জন্য কোম্পানি কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ এগিয়ে যাচ্ছে। চট্টগ্রামস্থ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় কোম্পানির নিজস্ব ০.৪২ একর জমির উপর ২টি বেইজমেন্ট ও ১টি সেমিবেইজমেন্ট-সহ ২৩তলা বিশিষ্ট হেড অফিস বিল্ডিং এবং ঢাকাস্থ পরিবাগে কোম্পানির নিজস্ব ১.৮৮ একর জমিতে অতিরিক্ত দু'টি বেইজমেন্ট-সহ ১২তলা ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। এ ছাড়া, দেশের সর্বত্র নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ ও ভোক্তা পর্যায়ে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে বিভিন্ন ডিপোতে জ্বালানি তেলের ধারণক্ষমতা বৃদ্ধি এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়। এ প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে কোম্পানির মুনাফা বৃদ্ধি পাবে বলে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক তাঁর বক্তব্যে আশাবাদ ব্যক্ত করা হয়।

ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক তাঁর বক্তব্যে আরও উল্লেখ করা হয় যে, বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং কোম্পানির সুদক্ষ পরিচালনা পর্ষদের নির্দেশনায় কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কোম্পানির টেকসই উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। কোম্পানি আগামীতেও উন্নয়নের ধারায় এগিয়ে যাবে।

কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট শেয়ারহোল্ডারদের প্রাপ্যতা সবসময় প্রধান অগ্রাধিকার বিষয় হিসেবে বিবেচিত হয়। কোম্পানির পরিচালনা পর্ষদ সবসময় শেয়ারহোল্ডারদের জন্য যৌক্তিক হারে ডিভিডেন্ড প্রদানের জন্য সচেষ্ট থাকে। আলোচ্য অর্থবছরে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক শেয়ারহোল্ডারদের জন্য ১২৫% হারে নগদ ডিভিডেন্ড প্রদানের জন্য সুপারিশ করা হয়। শেয়ারহোল্ডারদের যৌক্তিক হারে ডিভিডেন্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুসারে কোম্পানি কর্তৃক 'ডিভিডেন্ড ডিস্ট্রিবিউশন পলিসি' প্রণয়ন করা হয়, যা বার্ষিক প্রতিবেদন ও কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হয়। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি অকুণ্ঠ সমর্থন প্রদানের জন্য কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

**অতঃপর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিভিন্ন মূল্যবান প্রশ্ন/মতামতের উপর আলোকপাত করা হয়, যা নিম্নরূপঃ**

সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক এজিএম কোভিড-১৯ পূর্ববর্তী সময়ের নিয়মে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজন করার প্রস্তাব প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে এজিএম ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। ভবিষ্যতে এ সংক্রান্ত বিষয়ে যদি বিএসইসি কর্তৃক কোন নির্দেশনা আসে তাহলে পুনরায় স্বশরীরে উপস্থিতির মাধ্যমে এজিএম অনুষ্ঠান করার বিষয়টি বিবেচনা করা হবে।

পরিবর্তিত বৈশ্বিক পরিস্থিতিতে লভ্যাংশ প্রদানের হার অব্যাহত রাখা প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, আলোচ্য অর্থবছরে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাব থাকা সত্ত্বেও শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনায় লভ্যাংশ প্রদানের বিষয়ে ধারাবাহিকতা বজায় রাখা হয়। ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক আশাবাদ ব্যক্ত করা হয় যে, ২০২২-২৩ অর্থবছরে ব্যবসায়িক সাফল্য অর্জন করে কোম্পানি আরও অধিক মুনাফা অর্জন করতে সক্ষম হবে। এতদবিষয়ে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে আরও অবহিত করা হয় যে, আলোচ্য অর্থবছরে ইপিএস সামান্য বৃদ্ধি পেলেও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক কোম্পানির সার্বিক আর্থিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে লভ্যাংশ প্রদানের ধারাবাহিকতা বজায় রাখা হয়। পাইপ লাইনের মাধ্যমে চট্টগ্রাম থেকে ঢাকায় জ্বালানি তেল সরবরাহের প্রকল্পটি চলমান রয়েছে, যা দ্রুত সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ ছাড়া কোম্পানির কর্মচারীদের সুবিধাদি বৃদ্ধির প্রস্তাবের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয় যে, নিয়ম অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সুবিধা প্রদান অব্যাহত রয়েছে।

এজিএম দুই মাস এগিয়ে আনা প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয় যে, শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনায় বার্ষিক হিসাব সমাপ্তির পর লভ্যাংশ শেয়ারহোল্ডারদের যথাসময়ে প্রদান করার লক্ষ্যে বার্ষিক সাধারণ সভা পূর্বের তুলনায় এগিয়ে নিয়ে আসা হয়। আগামীতেও এ প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়।

